

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১. ২২৭

তারিখ: ২২ জুন ২০২৩

বিষয় : পুনঃব্যাখ্যা তলব।

সূত্র : মনপুরা, ভোলা এর স্মারক নং- ৪৭.৬২.০৯৬৫.৮৩৪.১৬.০১০.২৩.১১৫ তারিখ : ১২/০৩/২৩ খ্রি:


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেঙ্কিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত ভোলা জেলাধীন মনপুরা উপজেলায় প্রকল্পের মেয়াদোত্তীর্ণ ঋণ বৃদ্ধি পাওয়ায় স্মারক নং ০৭৮ তারিখ : ২৮ ফেব্রুয়ারি ২০২৩ মূলে ব্যাখ্যা তলব করা হয়। ব্যাখ্যা তলবের জবাবে আপনি ৩০ জুন ২০২৩ তারিখের মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ হতে ২৮/০২/২০২৩ তারিখের মধ্যে ৪.০০ লক্ষ টাকা খেলাপী ঋণ হ্রাস করেছেন। জবাবে আপনি আরো অনেকগুলো পদক্ষেপ গ্রহণের কথা উল্লেখ করেছেন এবং পদক্ষেপগুলো বাস্তবায়ন হলে এপ্রিল-২৩ মাসের মধ্যে নতুন মেয়াদোত্তীর্ণ ঋণ ১১.২৮ লক্ষ টাকা আদায়সহ ৮৫% কমিয়ে আনতে সক্ষম হবেন। কিন্তু উক্ত জবাবে আপনি কি কি পদক্ষেপ নিয়েছেন সে বিষয়ে কিছুই উল্লেখ করেননি। ২০ জুন, ২০২৩ তারিখ পর্যন্ত ঋণ কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, আপনার উপজেলায় বর্তমানে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ৩৫.৩০ লক্ষ টাকা ও কিস্তি খেলাপীর পরিমাণ ১৩৯.২৩ লক্ষ টাকা, যা আদায়যোগ্য ঋণের ৪৫.১৬%; এর মধ্যে ২৪.৩৫% টাকা মেয়াদোত্তীর্ণ হয়েছে। বিষয়টি অত্যন্ত হতাশাজনক। আরো উল্লেখ্য, ২০২২-২৩ অর্থবছরের সাংগঠনিক বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হননি। এতে প্রতীয়মান হয়, কিস্তি ও মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়ের জন্য আপনি কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক তদারকি কার্যক্রম জোরদার করেননি। সে প্রেক্ষিতে আপনার জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি।

২। এছাড়া পর্যালোচনায় দেখা যায় আপনার উপজেলায় বিভিন্ন সময়ে বিতরণকৃত ঋণের ৭৫২ জন ঋণী সদস্যর মধ্যে ২৩৭ জন (২০১৩ সালের ১ জন, ২০১৪ সালের ৪ জন, ২০১৫ সালের ১১ জন, ২০১৬ সালের ২ জন, ২০১৭ সালের ২ জন, ২০১৮ সালের ৪ জন, ২০১৯ সালের ৪ জন, ২০২০ সালের ৮ জন, ২০২১ সালের ২ জন, ২০২২ সালের ৭৫ জন এবং ২০২৩ সালের ১২৪ জন) সদস্য ২০ জুন, ২০২৩ তারিখ পর্যন্ত কোনরূপ কিস্তি পরিশোধ করেননি। সদস্যগণের লোন হিস্ট্রি পর্যালোচনায় দেখা যায় এককালীন/অল্প কিছু সংখ্যক কিস্তির মাধ্যমে বর্ণিত সদস্যগণ সমুদয় ঋণ পরিশোধ করেন। এতদসত্ত্বেও ইরেসপো কর্মসূচির ঋণ নীতিমালা ও এতদ সংক্রান্ত নির্দেশনা অমান্য করে অনিয়মতান্ত্রিকভাবে ঋণের সিলিং বৃদ্ধি করে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করেন (যেমন: মেঘনা মহিলা সমিতির প্রতিমা রানী দাস (১০০৯৬৫-০৫-০৩), সোনার চর মহিলা সমিতির রোকেয়া বেগম (১০০৯৬৫-০৪-০২), গোলাপ মহিলা সমিতির রেশমা বেগম (১০০৯৬৫-২৪-০১), পাওয়ার হাউস মহিলা সমিতির সুফিয়া বেগম (১০০৯৬৫-১০-০৯) এবং উত্তর সোনার চর মহিলা সমিতির অর্পনা রানী দাস (১০০৯৬৫-৩৪-০৭) ও রাত্রি বালা দাস (১০০৯৬৫-৩৪-০১) ইত্যাদি) (প্রমাণক-সংযুক্ত)। এতে প্রতীয়মান হয় নতুন সদস্য অন্তর্ভুক্তি/সমিতি গঠনের বিষয়ে গুরুত্ব আরোপ না করে এককালীন ঋণ পরিশোধকারী সদস্যদের মধ্যে অনিয়মতান্ত্রিকভাবে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করেন। ফলশ্রুতিতে আপনার উপজেলায় কিস্তিতে ঋণের টাকা আদায় না করে এককালীন পরিশোধের প্রবণতা ক্রমাগত উদ্বেগজনকভাবে বৃদ্ধি পাচ্ছে এবং দ্রুত গতিতে কিস্তি খেলাপী ঋণ ও মেয়াদোত্তীর্ণ খেলাপীতে পরিণত হচ্ছে।

৩। উল্লেখ্য, স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩.২০২, তারিখ: ০৪ জানুয়ারি ২০২৩ মূলে ঋণ বিতরণের ক্ষেত্রে ওটিআর কে বিবেচনায় রেখে ঋণ বিতরণ করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে। তদুপরি ও আপনি উল্লিখিত নির্দেশনা অমান্য করে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করেছেন। প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি ব্যাহত হওয়াসহ নীতিমালা বহির্ভূত কার্যকলাপের বিষয়টি আপনার দায়িত্ব পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ সরকারি দায়িত্ব পালনে অনীহার শামিল হিসেবে বিবেচিত হয়েছে।

৪। উপজেলার প্রকল্পের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী আদায়সহ এককালীন পরিশোধকারী সদস্যদের বাদ দিয়ে কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক তদারকি কার্যক্রম জোরদার করে ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল করণ এবং ঋণ তহবিল অলস অবস্থায় ব্যাংকে যাতে গচ্ছিত না থাকে সে বিষয়টি ও বিবচনায় রাখতে হবে।

এমতাবস্থায়, প্রকল্পের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, গাফেলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব মো: মাহাবুর রহমান
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)
বিআরডিবি, মনপুরা, ভোলা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপ্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ভোলা।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: মনপুরা জেলা: ভোলা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস নথি।